একটি অসম বিতর্কের
সুষম সমাধান

শায়েখ আব্দুল্লাহ আল মুনীর

প্রথম প্রকাশ:

জ্বিলহজ্জ-১৪৩৭ হিজরী
সেপ্টেম্বর-২০১৬ ইংরেজী

প্রিন্টিং ও বাঁধাই

মুসলিম প্রিন্টার্স
দর্শনা, চুয়াডাঙ্গা।
মোবাঃ ০১৯৩১-৪৪১২১৪

মূল্যঃ ৮৫ টাকা।

সূচীপত্র

সমাজের স্রোত ৪

সামাজিক ফতোয়া বনাম ইসলাম ১৪

ফতোয়াবাজীর প্রকারভেদ ২৬

ঐতিহাসিক ঐক্যমত ৪১

একটি অসম বিতর্ক ৫২

দলছুট পোলাপান ৬১

শয়তানের গেঁরো ৮৩

শান্তিতে রাখা আর শান্তিতে থাকা কি এক? ৯৬

সংস্কার নাকি কুসংস্কার ১০৮

দ্বীনের দাওয়াত নাকি দানের দাওয়াত ১২০

ফিতনা ফাসাদ কি? ১২৯

সুষম সমাধান ১৪১

সমাজের স্রোত

বাংলা ভাষায়, 'স্রোতে গা ভাসিয়ে দেওয়া' বলে একটা কথা প্রচলিত আছে। যার অর্থ সবাই যেমন চলছে তেমন চলা। সমাজের আর পাঁচটি লোক যে পথে চলছে কোনোরূপ চিন্তা ভাবনা না করে চোখ কান বুজে সেই পথে চলার নামই হলো 'স্রোতে গা ভাসিয়ে দেওয়া'। মুখে যে যা-ই বলুক না কেনো বাস্তব জীবনে বেশিরভাগ লোকই কিন্তু স্রোতে গা ভাসিয়ে দেওয়ারই পক্ষপাতী। এর কারণ,

প্রথমতঃ স্রোতের বিপরীতে চলতে গেলে অনেক চড়াই-উৎরাই পার হতে হয় যা সহ্য করার মতো মনোবল খুব কম লোকেরই আছে। তাই তারা সমাজের প্রচলিত রীতি-নীতির কাছে হার মেনে, নিজেকে এবং নিজের স্ত্রী সন্তান ও পরিবার পরিজনকে সামাজিক নিয়ম নীতির অধীনে গড়ে তোলে। এ ধরণের কাপুরুষ শ্রেণীর লোকেরা নিজেরা হাজী বা নামাজী হওয়া স্বত্ত্বেও নিজের স্ত্রীকে বেপর্দা পর পুরুষের সামনে ঘুরে বেড়ানোর অনুমতি প্রদান করে এবং নিজের কন্যাকে বিদ্যালয়ে

গমন করে বিনা পয়সায় নাচ-গান করে মানুষের মনোরঞ্জন করা এবং ছেলে বন্ধুদের সাথে গোপন স্থানসমূহে ঘুরে ফিরে বেড়ানোর অনুমতি প্রদান করে। এসব কারণে তাদের অবশ্য অনেক দুর্ভোগও পোহাতে হয়। কারো তো স্ত্রী পালিয়ে যায়, কারও কন্যা গাঁজাখোরের হাত ধরে ভেগে যায়। সমাজের নিয়ম-নীতি মানতে গিয়ে এসব ক্ষয়-ক্ষতি তারা মুখ বুজে সহ্য করে। তবু প্রচলিত স্রোতের বাইরে এক পাও অগ্রসর হতে চায় না। তারা ভাবে, সমাজের প্রচলিত রীতি-নীতির বাইরে গেলেই তাদের উপর আপদ বিপদ ছেঁয়ে আসবে। এই ভ্রান্ত ধারণার বশবর্তী হয়ে যে কোনো মূল্যে সমাজের গণ্ডির ভিতরে থেকে সকল প্রকার আপদ বিপদ চোখ বুজে সহ্য করেন। ভিন্ন কোনো চিন্তা করার সাহসই তাদের মনে উদয় হয় না। এরা একই সাথে কাপুরুষ এবং নির্বোধ। এই দু'টি নিকৃষ্ট বৈশিষ্ট্যের কারণে তাদের কর্মকান্ড বুদ্ধিমানের নিকট সদা সর্বদা হাস্যকর মনে হয়।

দ্বিতীয়তঃ সাধারনভাবে মানুষ মনে করে, বেশিরভাগ

লোক যে পথে চলছে সেটাই সঠিক পথ। সুতরাং সবাই যে পথে চলছে তারও সে পথেই চলা উচিৎ। এমনকি এ সম্পর্কে একটা কথাও প্রচলিত আছে। সবাই বলে, 'দশ যেখানে খোদা সেখানে'। অর্থাৎ দশজন মানুষ যেটাকে সঠিক বলে, আল্লাহর নিকটও সেটা সঠিক। আল্লাহ ﷻ কিন্তু ঠিক এর উল্টো কথা বলেছেন। তিনি বলেন,

{وإن تطع أكثر من في الأرض يضلوك عن سبيل الله إن يتبعون إلا الظن وإن هم إلا يخرصون}

যদি আপনি পৃথিবীর বেশিরভাগ মানুষের কথা শোনেন তবে তারা আপনাকে আল্লাহর রাস্তা থেকে পথভ্রষ্ট করে ছাড়বে। তারা তো অনুমানের অনুসরণ করে আর কেবলই ধারণা করে। [আনয়াম/১১৬]

মানুষ যে কেবলই ধারণা করে আর ধারণার উপর নির্ভর করে অনেক কিছু করে তা স্বতঃসিদ্ধ কথা। এ বিষয়ে একটা গল্পও প্রচলিত আছে। এক ব্যক্তির একটি রাজা হাঁস ছিল। একদিন রাজা হাঁসটা একটি ডিম পাড়লো। ঐ ব্যক্তি সেই হাঁসের ডিমটি নিয়ে আকাশ-কুসুম কল্পনা

করতে লাগলো। এই ডিম থেকে বাচ্চা হবে, সেই বাচ্চা বড় হয়ে আবারও ডিম পাড়বে, এভাবে পুরো বাড়িটা রাজা হাঁসে ভরে যাবে। তারপর সেই হাঁস বেঁচে ছাগল কিনবো, ছাগল বেঁচে গরু ইত্যাদি। এতোসব চিন্তা করে তার আর দেরি সহ্য হলো না। সে ভাবল, রাজা হাঁস কবে ডিম দেবে সে জন্য অপেক্ষা না করে এখনই তার পেট চিরে সবগুলো ডিম বের করে নিই। এই ভেবে সে হাঁসটির পেট চিরে ফেলল। কিন্তু সে কোনো ডিমই পেলো না। তার হাঁসটিও আর বাঁচলো না। ফলে একূল-ওকূল দু'ই হারালো।

বোকামীর উদাহরণ হিসেবে এসব গল্প আমরা প্রায়ই উল্লেখ করে থাকি। কিন্তু নিজেরাও প্রায়ই অনুরূপ বোকামী করি। তবে সেটা বুঝতে পারি না বা বুঝার চেষ্টা করি না। উদাহরণস্বরূপ, কোনো একটি চাকুরীতে তিনটি পদে তিন হাজার লোক আবেদন করছে। সবাই জানে যার মামা খালু আছে, পকেটে টাকা আছে তার চাকুরী আগে থেকেই ঠিক হয়ে আছে। তবু যার মামা খালু নেই, পকেটেও টাকা নেই এমন ব্যক্তিও টাকা খরচ করে

ঠিকই দরখাস্ত করে। এর কারণ আর কিছু নয়,অন্তরের মধ্যে একটা ক্ষীণ আশা, হতেও তো পারে! এই উদ্ভট কল্পনাকে মৃত হাসের পেট থেকে সব ডিম এক সাথে বের করে নেওয়ার ধারণা ছাড়া অন্য কিছুর সাথে তুলনা করা যেতে পারে না। একইভাবে মৃত পীরের কবরে গিয়ে সন্তান প্রার্থনা করা বা হিজিবিজি তাবিজ লিখে রোগ মুক্তি কামনা করা এসবই এধরণের অযৌক্তিক কল্পনার উদাহরণ।

এভাবে যারা মনে করে দুনিয়াতে যা খুশি আমল করবো আখিরাতে তার কোনো হিসাব নেই বা আখিরাত বলেই আসলে কিছু নেই তাদের এই চিন্তাধারাও অযৌক্তিক কল্পনা ছাড়া কিছু নয়। মৃত্যুই শেষ, এর পরে আর কোনো জীবন নেই। অতএব দুনিয়াতে যে ভাল কাজ করে বা খারাপ কাজ করে উভয়ের পরিণতি একই। তারা সবাই মৃত্যুর পর শেষ হয়ে যাবে। পাপী লোকেরা এমন ধারণা করে পাপ কাজ চালিয়ে যায়। কিন্তু বলাই বাহুল্য যে, এই ধারণা নিঃসন্দেহে অযৌক্তিক।

{أم حسب الذين اجترحوا السيئات أن نجعلهم كالذين آمنوا وعملوا

الصالحات سواء محياهم ومماتهم ساء ما يحكمون}

যারা অসৎ কাজ করে তারা কি এমনই ভাবে যে, তাদের সাথে নেককার লোকদের মতোই আচরণ করা হবে? কেবল জীবন আর মৃত্যুর মাধ্যমে সব শেষ হয়ে যাবে? তারা যা ধারণা করে তা খুবই নিকৃষ্ট। [সূরা জাছিয়া/২১]

তাদের ধারণাও অযৌক্তিক যারা মনে করে, কেবল মুখে ঈমান এনেছি বলার পর সারাটা জীবন যা খুশি তাই করে বেড়ালেও তাতে কোনো সমস্যা নেই। আখিরাতে মুক্তি নিশ্চিত। আল্লাহ ﷻ বলেন,

{أحسب الناس أن يتركوا أن يقولوا آمنا وهم لا يفتنون (٢) ولقد فتنا الذين من قبلهم فليعلمن الله الذين صدقوا وليعلمن الكاذبين} [العنكبوت: ٢، ٣]

মানুষ কি মনে করে মুখে ঈমান এনেছি বললেই তাদের ছেড়ে দেওয়া হবে আর তাদের কোনো পরীক্ষা নেওয়া হবে না? অথচ পূর্বের লোকদের আমি পরীক্ষা নিয়েছি। এভাবে আল্লাহ জেনে নেবেন কে সত্যিই ঈমান এনেছে আর কে মিথ্যা বলেছে। [আনকাবুত/২,৩]

অন্য আয়াতে আল্লাহ ﷻ বলনে,

أم حسبتم أن تدخلوا الجنة ولما يأتكم مثل الذين خلوا من قبلكم مستهم البأساء والضراء وزلزلوا

তোমরা কি মনে করেছো জান্নাতে প্রবেশ করবে? অথচ এখনও তোমাদের উপর পূর্ববর্তীদের মতো অবস্থা হয়নি। তাদের উপর কঠিন বিপদ আপদ আপতিত হয়েছিলো। এমনকি তারা কেঁপে গিয়েছিল। [বাকারা/২১৪]

রসুলুল্লাহ ﷺ বলেন,

يأتي على الناس زمان الصابر فيهم على دينه كالقابض على الجمر

মানুষের উপর এমন একটি সময় আসবে যখন আল্লাহর দ্বীনের উপর টিকে থাকাটা জ্বলন্ত কয়লা হাতে ধরে রাখার মতো কষ্টকর হবে। [তিরমিযী]

এর বিপরীতে কিছু লোক সম্পূর্ণ বিনি পয়সায় জান্নাত পেতে চায়। আল্লাহর দ্বীনের শত্রুদের সাথে কোনোরূপ সংঘর্ষ বা ঝগড়া বিবাদে না জড়িয়ে বরং তাদের

পক্ষাবলম্বন করে তাদের মত ও পথ মেনে নিয়ে সারাটা জীবন বাতিল মতাদর্শে জীবন কাটিয়েও তারা জান্নাতের স্বপ্ন দেখে। বলা বাহুল্য যে, তাদের এই স্বপ্ন কেবলই স্বপ্ন। এর কোনো বাস্তবতা নেই। জান্নাত পেতে হলে দুনিয়াতে কিছু দুঃখ কষ্ট ভোগ করতেই হবে। রসুলুল্লাহ ﷺ বলেন,

حفت الجنة بالمكاره، وحفت النار بالشهوات

জান্নাতকে কষ্টকর বিষয় দ্বারা ঘিরে রাখা হয়েছে আর জাহান্নামকে আকর্ষণীয় বিষয় দ্বারা ঘিরে রাখা হয়েছে। [সহীহ মুসলিম]

অর্থাৎ জান্নাত পেতে হলে অনেক কষ্টকর কাজ করতে হবে। তাই অনেক মানুষ জান্নাত পাবে না। তা না হলে তো সবাই জান্নাতী হতো। অন্য একটি হাদীসে এসেছে, মহান আল্লাহ ﷻ জান্নাত তৈরী করার পর জিব্রাইল عليه السلام কে তা দেখতে পাঠালে তিনি ফিরে এসে বললেন, এ জান্নাতের কথা যেই শুনবে সে এটা পাওয়ার জন্য ব্যাকুল হয়ে উঠবে এবং আমার তো মনে হয় একটা মানুষও

জান্নাত থেকে দূরে থাকবে না। পরে আল্লাহ ﷻ জান্নাতকে কষ্টকর বস্তু দ্বারা ঘিরে রাখেন এবং আবারও জিব্রাঈল عليه السلام কে প্রেরণ করেন। এবার ফিরে এসে তিনি বলেন,

أي رب وعزتك لقد خشيت أن لا يدخلها أحد

হে রব! আপনার সম্মানের কসম, এখন তো আমার ভয় হচ্ছে একটি লোকও জান্নাতে প্রবেশ করবে না। [আবু দাউদ]

জিব্রাঈল عليه السلام এর এই কথাই কিন্তু সত্যে পরিণত হয়েছে। প্রকৃতপক্ষে জান্নাতীদের সংখ্যা অত্যন্ত অল্প। হাদীসে বলা হয়েছে, হাজারে একজন জান্নাতী আর নয় শত নিরানব্বই জন জাহান্নামী। এরপরও যারা আশা করে কোনোরূপ কষ্ট না করে কেবল স্রোতের তালে গা ভাসিয়ে দিয়ে হেসে খেলে জান্নাত পাওয়া যাবে তাদের এই আশা অযৌক্তিক নয় কি?

তারপরও বর্তমান যুগের অনেক ঈমানের দাবীদার স্রোতের তালে গা ভাসিয়ে দেওয়ার নীতি অবলম্বন

করছেন। কেবল তাই নয় অন্যদেরও স্রোতের টানে ভাসিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করছেন। তাগুতী শক্তি যে সমাজ ব্যবস্থা চালু রেখেছে সে ব্যবস্থাকে মেনে নিয়ে তার সাথে খাপ খাইয়ে চলে নিরাপদ জীবন যাপন করাকেই তারা বুযুর্গী ও দ্বীনদারিত্ব বলে ঘোষণা করছেন। আর এই নষ্ট সমাজকে পরিবর্তনের চেষ্টাকে জঙ্গীবাদ ও উগ্রপন্থা হিসেবে আখ্যায়িত করে তার নিন্দায় দিন পাত করছেন।

যে সকল কাপুরুষ স্রোতের তালে গা ভাসিয়ে দেওয়ার নীতিতে বিশ্বাসী তাদের নিকট এ পন্থা সঠিক বিবেচিত হতে পারে কিন্তু যে বীরপুরুষের অন্তরে বিপ্লবী চেতনা আছে, অন্যায়কে বদলে দেওয়ার মনসিকতা আছে সে এত সহজে আত্মসমর্পণ করে না। হাল বুঝে পাল তুলে বাতিলের সাথে তাল মিলিয়ে চলে না। এর জন্য তাকে অবশ্য অনেক কষ্ট সহ্য করতে হয়। কিন্তু সেটা সে মুখ বুজে সহ্য করে। কারণ সে জানে জান্নাত পেতে হলে কষ্ট সহ্য করতেই হবে। আল্লাহ ﷻ এবং তার রসুল একথাই ঘোষণা করেছেন। আর জিবরীল আল-আমীন

এরই সাক্ষ্য দিয়েছেন। যারা এর বাইরে কেবল মুখে ঈমানের দাবী করে জান্নাত লাভ করতে চায় তারা সম্পূর্ণ অযৌক্তিক কল্পনায় লিপ্ত যার কোনো ভিত্তি নেই।

সামাজিক ফতোয়া বনাম ইসলাম

অনেকে ভাবতে পারেন, সামাজিক ফতোয়া আবার কি জিনিস! বিষয়টা বেশ সহজ। উপরে আমরা সমাজের স্রোতে গা ভাসিয়ে দেওয়ার কথা বলেছি। সামাজিক ফতোয়ার বিষয়টিও অনুরূপ। সমাজের লোক যা বলে এবং সমাজে যা চলে সে অনুযায়ী ফতোয়া দেওয়াকেই সামাজিক ফতোয়া বলা যায়। অন্য কথায় বলা যায়, ইসলাম কি বলে সেদিকে ভ্রুক্ষেপ না করে সমাজের মানুষের ইচ্ছানুযায়ী ফতোয়া দেওয়াই হলো সামাজিক ফতোয়া। একটা উদাহরণের মাধ্যমে বিষয়টা বুঝিয়ে দেওয়া যায়।

আজ থেকে বেশ কিছু বছর পূর্বে যখন সমাজের লোক অপেক্ষাকৃত বোকা ছিল আর খবর ছড়ালো যে, কিছু লোক চাঁদে গমন করেছে। হুজুররা তখন ওয়াজ

করতেন,

- যে কেউ বলে মানুষ চাঁদে গেছে সে কাফির হবে। কারণ আল্লাহ বলেছেন তোমরা চাইলে আকাশ ও পৃথিবীর সীমানা থেকে বের হয়ে যাও কিন্তু তোমরা তা পারবে না।

কিন্তু মানুষ যদি সত্যিই চাঁদে গিয়ে থাকে তবে সে পৃথিবীর সীমানা পার হলেও আকাশের সীমানা পার হয়েছিল কিনা সেটা তারা ভেবে দেখেনি। যাই হোক, পরে যখন মানুষ আধুনিক শিক্ষায় শিক্ষিত হতে শুরু করলো আর হুজুররা বুঝতে পারলো, চাঁদে যাওয়ার ঘটনা অবিশ্বাস করলে মান থাকবে না তখন তারাই আবার বড় গলাই বলতে লাগলো,

- নিল আর্মস্ট্রং যখন প্রথম চাঁদে পা রাখেন তখনই সুমধুর কণ্ঠে আজান শুনতে পান বা চাঁদে তিনি রসুলের পায়ের ছাপ দেখতে পান ইত্যাদি। এসব ঘটনা দেখে তিনি মুসলিম হয়ে যান।

অর্থাৎ চাঁদে যাওয়ার ঘটনা আগে ছিল কাফির হওয়ার কারণ আর এখন হচ্ছে ঈমান আনার কারণ। এই হচ্ছে সামাজিক ফতোয়ার একটা নমুনা। ফতোয়াবাজ হুজুররা সমাজের চাহিদা অনুযায়ী ফতোয়া রচনা করে বাজারে ছাড়ার ব্যাপারে উস্তাদ। জন সাধারণের নিকটও বিষয়টা বেশ পরিচিত। তাই তো এ বিষয়ে বেশ কিছু গল্পও পাওয়া যায়। তার মধ্যে একটা গল্প এমন,

কোনো একজন সুপন্ডিত বক্তা কোনো এক এলাকায় বক্তৃতা করার ফাঁকে বলল, মেয়ে মানুষের সেলাই করা কাঁথা-বালিশ ব্যবহার করাই উচিৎ নয়। পরে ঘুমানোর সময় সে দেখলো, কাঁথা বালিশের বদলে তাকে দেওয়া হয়েছে ইট আর বস্তা। কারণ জানতে চাইলে এলাকার লোকেরা বলল, আপনি বলেছেন, মেয়ে মানুষের সেলাই করা কাঁথা-বালিশ ব্যবহার করা উচিৎ নয়। আমাদের সকল কাঁথা বালিশই মেয়ে মানুষের সেলাই করা। তাই আমরা আপনার শোবার জন্য ইট আর বস্তা জোগাড় করেছি। বক্তা মহাশয় বুঝতে পারলেন কোনো উপায় নেই। তাই এই ব্যবস্থা মুখ বুজে মেনে নিলেন। তখন

ছিল শীতকাল। সারাটা রাত বেচারা অতি কষ্টে কাটিয়ে সকাল হলে পালিয়ে বাঁচলো। পরে নিজের উস্তাদের নিকট গিয়ে বলল, হুজুর গত বছর আপনার কাছে যে ওয়াজ শিখেছিলাম সে ওয়াজ করে তো আমার জীবন যায় যায় অবস্থা। সব শুনে হুজুর বললেন,

- আরে পাগল! সেতো গরমকালের ওয়াজ। তুমি শীতকালে কেনো করলে?

গল্পটা আমাদের দেশে বেশ প্রচলিত। সুতরাং হাল বুঝে পাল তোলা আর ঝোপ বুঝে কোপ মারার অভ্যাস যে আমাদের হুজুরদের আছে সেটা বোধ করি মানুষ বেশ ভাল করেই জানে।

এভাবে সমাজের সাথে তাল মিলিয়ে ফতোয়া দেওয়ার উদাহরণ অনেক আছে। তার মধ্যে নারী অধিকারের বিষয়টিকে বিশেষভাবে উল্লেখ করা যায়। আগের যুগের হুজুররা বেশি বেশি স্বামীঅধিকার নিয়ে আলোচনা করতেন। যে স্বামী বউয়ের কথায় ওঠে-বসে সে যে কি নির্বোধ আর যে স্ত্রী স্বামীর কথার অবাধ্য হয় সে যে কি পাপী এই সব বিষয়ে তারা আলোচনা করতেন। সেই

সাথে ঘোষণা করতেন, নারী নেতৃত্ব হারাম। এসব বিষয়ে তারা হয়তো কিছুটা অতিরিক্ত কড়াকড়িও করতেন যতটা ইসলাম অনুমোদন করে না। তখনকার যেসব বয়োবৃদ্ধ ব্যক্তিরা আজও বেঁচে আছেন তাদের কাছে জিজ্ঞাসা করলেই বিষয়টার সত্যতা পাওয়া যাবে। এখন কিন্তু সেসব ওয়াজের ছিটেফোটাও আর শোনা যায় না। এখন সময় বদলেছে। বিশ্বব্যাপী এখন নারী অধিকারের দমকা হাওয়া বইতে শুরু করেছে। সেই দমকা হাওয়াই হুজুরদের ফতোয়া আচমকা পাল্টে গেছে। যুগের সাথে তাল মিলিয়ে এখন তারা স্বামী অধিকারের বদলে নারী অধিকার নিয়েই বেশি আলোচনা করে থাকেন। তারা বলেন, ইসলামে নারী পুরুষকে সমান অধিকার দেওয়া হয়েছে। কেউ তো আগ বাড়িয়ে বলে, বরং নারীদের অনেক বেশি অধিকার দেওয়া হয়েছে।

কার অধিকার আগে আদায় করতে হবে এই প্রশ্নের উত্তরে রসুলুল্লাহ ﷺ বলেছেন, প্রথমে তোমার মায়ের, পরেও তোমার মায়ের, তারপরও তোমার মায়ের চতুর্থবারে তোমার বাবার।

এই হাদীস উল্লেখ করে প্রমাণ করা হয়, ইসলামে মেয়েদের অধিকার ছেলেদের চেয়ে তিনগুন বেশি। বিষয়টাকে রসিয়ে বলা হয়, গোল্ড মেডেলটিও মায়ের, সিলভার মেডেলও মায়ের, এমনকি ব্রোঞ্জ মেডেলটিও মায়ের। আর বাবা পাচ্ছেন কেবল সান্তনা পুরষ্কার।

কথাটা শুনে হল ভর্তি শ্রোতা আনন্দে হ্রস্বধ্বনি করে ওঠে। একটি বারের জন্যই কেউ ভাবে না যে, বর্তমান সময়ে নারী অধিকারের সাথে কথাটা না হয় মিলল, কিন্তু নারী অধিকারের যন্ত্রনায় অতিষ্ট হয়ে অদূর ভবিষ্যতে যদি পুরুষ অধিকার আন্দোলন চাঙা হয়ে ওঠে তখন পুরুষরা কেবল সান্তনা পুরষ্কারে সন্তুষ্ট থাকবে কি? তখন তো আবারও নতুন করে ফতোয়া রচনা করতে হবে। সে যুগের হুজুররা আবারও পুরাতন ওয়াজ করতে শুরু করবেন। বলবেন,

- স্বামীর পায়ের নিচে স্ত্রীর বেহেশত, রসুল বলেছেন, কাউকে সাজদা করতে বললে আমি স্ত্রীকে বলতাম স্বামীকে সাজদা করতে, স্বামীর আনুগত্য না করলে কোনো স্ত্রী জান্নাতে যেতে

পারবে না ইত্যাদি।

এভাবে সময়ের পরিবর্তনে হুজুররা ফতোয়া পরিবর্তন করে থাকেন। এ বিষয়ে সর্ব নিকৃষ্ট উদাহরণটি হলো, নিজে মুখে নারী নেতৃত্ব হারাম ঘোষণা করার পর নিজেই নারীর নেতৃত্বে জোট গঠন করা। আবার প্রশ্ন করা হলে অস্বীকার করে বলে আমি কখনও নারী নেতৃত্ব হারাম বলিনি। ডাহা মিথ্যা কথা! দেশের সাধারন মানুষ যে এদের আগুন দিয়ে পুড়িয়ে মেরে ফেলে না সেটাই এদের সৌভাগ্য।

আরও একটা সামাজিক ফতোয়ার উদাহরণ হলো, এরা বলে, মুসলমানের বিরুদ্ধে যুদ্ধ করা হারাম। রাষ্ট্র ক্ষমতা ছাড়া জিহাদ করা যায় না, মানুষ মেরে ইসলাম কায়েম করা যায় না ইত্যাদি। কিন্তু এরাই আবার হরতাল করে রাস্তা ঘাটে মানুষ পিটিয়ে মারে। কেবল পিটিয়ে মারলেও সেটা দয়া দেখানো বলে গণ্য হতো। এরা তো ককটেল ছুঁড়ে পুড়িয়েও মারে। যাকে মারছে সে বিরোধী পক্ষ হলেও জানতাম ঠিকই হয়েছে কিন্তু সেতো নিরীহ পথযাত্রী! কিন্তু এসব যেহেতু হরতালের নামে হচ্ছে তাই

তা বৈধ। কারণ সমাজের লোক হরতালকে মেনে নিয়েছে। জিহাদের নামে হলে এসবই অবৈধ হয়ে যাবে কারণ সমাজের লোক জিহাদকে সহ্য করে না। একেই বলে সামাজিক ফতোয়া।

হুজুরের দল বলে রাষ্ট্র ক্ষমতা ছাড়া যুদ্ধ করা যাবে না, প্রতিষ্ঠিত মুসলিম রাষ্ট্রের বিরুদ্ধে যুদ্ধ করা যাবে না ইত্যাদি। অথচ বিজয় দিবস আর একুশের দিন তারাই মিলাদ মাহফিল করে একাত্তরের শহিদদের (!!) জন্য দোয়া মোনাজাত করে। এমনকি তখন যেসব হুজুররা পাকিস্তান রাষ্ট্রের পক্ষে রাজাকারগিরিতে লিপ্ত ছিল এখন তারাই নিজে হাতে সৃতিসৌধে শ্রদ্ধাঞ্জলী নিবেদন করছে। এ ইতিহাসকেই হয়তো ভাগ্যের নির্মম পরিহাস বলা চলে। যাই হোক, প্রশ্ন হলো, তৎকালীন পাকিস্তান সরকার কি মুসলিম ছিল না? আর তার বিরুদ্ধে যেসব মুক্তিযোদ্ধারা যুদ্ধ করেছিল তাদের কি রাষ্ট্র ক্ষমতা ছিল? বর্তমানে রাষ্ট্রের বিরুদ্ধে যুদ্ধ করা যদি জঙ্গীবাদ হয় তবে পাকিস্তানের বিরুদ্ধে যারা যুদ্ধ করেছে তারা জঙ্গী না হয়ে মুক্তিযোদ্ধা হবে কেনো? এসব প্রশ্নের কোনো উত্তর

নেই। তাহলে এসব আজগুবী ফতোয়া কেনো দেওয়া হচ্ছে? এর উত্তর একটাই, সামাজিক প্রয়োজনে। এটা হলো, সামাজিক ফতোয়ার আরও একটা উৎকৃষ্ট উদাহরণ।

বলা বাহুল্য যে, এভাবে সমাজের সাথে তাল মিলিয়ে ইসলামের প্রকৃত ফতোয়া বিকৃত করে মানুষের সামনে উত্থাপন করার অনুমোদন ইসলামে নেই। স্বয়ং রসুলে পাক ﷺ নিজেও এভাবে ইসলামকে পরিবর্তনের ক্ষমতা রাখতেন না। রসুলের যুগের লোকেরাও তাদের সমাজের সাথে মিল রেখে আল্লাহর বিধানকে পরিবর্তন করার দাবী করতো। কিন্তু মহান রবের পক্ষ থেকে তা দৃঢ়ভাবে নাকচ করা হয়েছে। মহান রব্বুল আলামীন বলেন,

{قال الذين لا يرجون لقاءنا ائت بقرآن غير هذا أو بدله قل ما يكون لي أن أبدله من تلقاء نفسي إن أتبع إلا ما يوحى إلي إني أخاف إن عصيت ربي عذاب يوم عظيم } [يونس: ١٥]

যারা আমার সাক্ষাতে (আখিরাত দিবসে) বিশ্বাসী নয় তারা বলে (এটা বাদে) অন্য একটা কুরআন নিয়ে এসো

বা এই কুরআনকে কিছুটা পরিবর্তন করো। আপনি বলুন, আমার খেয়াল খুশি মতো আমি এটাকে পরিবর্তন করার অধিকার রাখি না। আমি তো তাই অনুসরণ করি যা আমার রবের পক্ষ থেকে আমার উপর অবতীর্ণ হয়। তার অবাধ্য হলে আমি কঠিন শাস্তির ভয় করি। [ইউনুস/১৫]

স্বয়ং রসুলুল্লাহ ﷺ সমাজের লোকের ইচ্ছামতো রবের বিধানে পরিবর্তন আনা হলে কঠিন শাস্তি হবে এমন ভয় করছেন। কিন্তু বর্তমান যুগের ওলামা-হজরতরা এই ঘৃণ্য অপরাধ অবলিলায় করে যাচ্ছেন। তাদের দেলে এক চিলতে ভয়ও ঢুকতে পারছে না। রবের বিধান জানা সত্ত্বেও গোপন করে রাখছেন। কোনো দায়িত্ব অনুভূতি তাদের অন্তরে জাগছে না। আল্লাহর সামনে জবাবদিহিতার চিন্তাই মাথায় আসছে না। সত্যিই তাদের দুঃসাহস দেখে অবাক না হয়ে পারা যায় না।

{ إن الذين يكتمون ما أنزل الله من الكتاب ويشترون به ثمنا قليلا أولئك ما يأكلون في بطونهم إلا النار ولا يكلمهم الله يوم القيامة ولا يزكيهم ولهم عذاب أليم (١٧٤) أولئك الذين اشتروا الضلالة بالهدى

والعذاب بالمغفرة فما أصبرهم على النار} [البقرة: ١٧٤، ١٧٥]

যারা আল্লাহ যা অবতীর্ণ করেছেন তা গোপন রাখে এবং তার বদলে স্বল্প মূল্য (দুনিয়ার ভোগ বিলাস) গ্রহণ করে তারা তাদের পেটে আগুন ছাড়া আর কিছু ভরে না। আল্লাহ কিয়ামত দিবসে তাদের সাথে কথা বলবেন না এবং তাদের পবিত্র করবেন না। আর তাদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি। তারা সঠিক পথের বদলে ভ্রান্ত পথকে বাছাই করেছে আর ক্ষমার বদলে শাস্তিকে বেছে নিয়েছে। অতএব, আগুনের শাস্তি ভোগ করার ব্যাপারে তাদের কি দুঃসাহস! [বাকারা/১৭৪,১৭৫]

রবের বিধানকে গোপন করে সমাজের লোকের ইচ্ছানুযায়ী ফতোয়া দেওয়া এমনই ভয়াবহ! কারণ মহান রব্বুল আলামীন যাদের উপর কিতাব অবতীর্ণ করেছেন তাদের নিকট অঙ্গীকার নিয়েছেন যে তারা কিতাবের কোনো বিষয় গোপন করবে না বরং মানুষকে জানিয়ে দেবে। আল্লাহ ﷻ বলেন,

{وإذ أخذ الله ميثاق الذين أوتوا الكتاب لتبيننه للناس ولا تكتمونه}

[آل عمران: ١٨٧]

যাদের কিতাব দেওয়া হয়েছিল মহান আল্লাহ তাদের নিকট এই অঙ্গীকার গ্রহণ করেন যে, তোমরা এটা মানুষের নিকট প্রকাশ করে দেবে এবং তা গোপন রাখবে না। [আলে ইমরান/১৮৭]

মহান রবের এই নির্দেশকে যথাযথভাবে যারা পালন করবে এবং সমাজে চলমান অনিয়মের বিপরীতে বুক টান করে ইসলামের সঠিক বিধান প্রচার করবে তারাই প্রকৃতপক্ষে আলেম। আল্লাহর জন্য প্রয়োজনে তারা নিজের জীবন বিলিয়ে দিতে প্রস্তুত। আর যারা রবের বিধান গোপন করে সমাজের সাথে তাল মিলিয়ে চলবে এবং সমাজের লোকদের মর্জি মাফিক ফতোয়া পরিবর্তন করে নিজের স্বার্থ হাসিল করবে তারাই বহুরূপী শয়তান। বলা বাহুল্য যে, বর্তমান যুগের আলেম-ওলামাদের সিংহভাগই এই শ্রেণীর মধ্যে পড়ে। মহান আল্লাহ ধর্মপ্রাণ সাধারন মুসলিমদের ঐ সকল ধুর্ত শয়তানের হাত থেকে রক্ষা করুন। আমীন।

ফতোয়াবাজীর প্রকারভেদ

উপরে আমরা সামাজিক ফতোয়া সম্পর্কে আলোচনা করেছি। আমরা বলেছি, ইসলামের সঠিক ফতোয়া গোপন করে সমাজের লোকদের মর্জি মাফিক ফতোয়া দেওয়াটাই হলো সামাজিক ফতোয়া। অন্য কথায় বলতে গেলে এর অর্থ হলো, সমাজের লোকেরা যা বলে সেটাকে ইসলামের নামে চালিয়ে দেওয়া। প্রশ্ন হলো, এ ধরণের জাল জোচ্চুরি কারা করে এবং কেনো করে? আসলে তিন শ্রেণীর লোক এধরণের জাল জোচ্চুরির আশ্রয় গ্রহণ করে থাকে।

প্রথমতঃ ভন্ড হুজুরের দল। যারা কেবলমাত্র পেটের দায়ে ইসলামী লেবাস পরিধান করে। আর আল্লাহ-রসুলের নাম ভাঙিয়ে দান তুলে জীবন জীবিকা নির্বাহ করে। এদের মধ্যে কেউ তো ইসলামী রাজনীতি করে কেউ আবার মসজিদ মাদ্রাসাতে খেদমত করে। তবে সেটা দ্বীনের খেদমত নাকি নিজের খেদমত তা বোঝা ভার। সমাজের প্রভাবশালীদের নিকট ধর্মের নামে ধরনা দিয়ে তাদের পেট চালাতে হয়। তাদের হাতের ময়লা খেয়ে

তারা বেঁচে থাকে। যেসব মসজিদ-মাদ্রাসা ইত্যাদি ধর্মীয় প্রতিষ্ঠানে তারা পেটের দায়ে চাকুরী করে, সমাজের বড় বড় হারাম খোর লোকদের দান ছাড়া সেখানে বেতনই হয় না। তাই তাদের হাতে রাখতে হয় এবং তাদের সাথে থাকতে হয়। তাদের মর্জি মাফিক ফতোয়া বাজারজাত করতে হয়। তারাই বেশি বেশি সামাজিক ফতোয়া দিয়ে থাকে।

দ্বিতীয়তঃ কিছু নির্বোধ ধার্মিক। যারা নিজের স্বার্থের টানে নয় বরং ইসলামের উপকার করার জন্যই ভুল ফতোয়ার প্রচার প্রসারে লিপ্ত হয়। ভুল ফতোয়া দিয়ে কিভাবে ইসলামের উপকার করা যায় সেটা ভেবে পাঠক অবাক হতে পারেন। তবে নির্বোধ লোকের যুক্তির অভাব নেই। হাদীস শাস্ত্রের ইতিহাসে এর একটা নজীর পাওয়া যায়। সর্বপ্রথম হাদীস জাল করেছিল এমন কিছু লোক যারা মানুষকে ইসলামের দিকে আকৃষ্ট করার জন্য নানা রকম কেচ্ছা-কাহিনী নিজেরা রচনা করে রসুলের নামে বর্ণনা করতো। উদাহরণস্বরুপ, মানুষকে নামাজের দিকে আকৃষ্ট করা দরকার হলে তারা নামাজের ফজিলত

সম্পর্কে একটা হাদীস বানিয়ে বর্ণনা করতো। এ বিষয়ে প্রশ্ন করা হলে তারা বলতো, আমরা তো দ্বীনের কল্যাণের উদ্দেশ্যেই এমন করছি দ্বীনের ক্ষতি করার জন্যে তো নয়। মুহাদ্দিসিনরা সর্বসম্মতিক্রমে এই সকল লোকদের পন্থাকে ভ্রান্ত হিসেবে আখ্যায়িত করেছেন এবং রসুলের বাণী, 'যে আমার নামে মিথ্যা হাদিস বর্ণনা করে সে জাহান্নামে স্থান করে নিক' এই কথার মধ্যে তারাও যে অন্তর্ভূক্ত সে বিষয়ে ঐক্যমত পোষণ করেছেন।

পূর্ব যুগের মুর্খ লোকেরা এ ধরণের পন্থা অবলম্বন করতো আর বর্তমান যুগে আধুনা পন্ডিত গোছের লোকেরা এ পন্থা অবলম্বন করে থাকে। হয়তো তারা শুনলো কেউ একজন, ইসলামে দাস প্রথার নিন্দা করছে অমনি তারা বলে ওঠে,

- দাস প্রথা প্রথমে ছিল পরে মানসুখ হয়ে গেছে।

কেউ হয়তো বলল, পুরুষ মানুষ চারটে বিয়ে করে। তারা উত্তরে বলে,

- বিয়ে তো করা যায় তবে প্রথম স্ত্রীর অনুমতি

লাগে।

যদি কেউ বলে, ইসলামে বিধর্মীদের সাথে জিহাদ করার কথা বলা হয়েছে। কিছুমাত্র বিলম্ব না করে তারা বলে,

- সেটা তো আত্মরক্ষার জন্য।

এমনিভাবে ইসলামের যে বিধান নিয়েই কথা বলা হোক তারা আগা মাথা না ভেবেই কেবল প্রশ্ন কর্তাকে নিরব করার জন্য গোজামিল দিয়ে একটা ব্যাখ্যা দেওয়ার চেষ্টা করে। এভাবে ব্যাখ্যা করতে গিয়ে যে, ইসলামের মূল বিধানটি বিকৃত হয় সেদিকে তাদের মোটেও খেয়াল থাকে না। কোনো বিষয়ে কথা বলার আগে সে বিষয়ে ইসলামের প্রকৃত রায় কি সেটা জেনে নেওয়ার চেষ্টাও করেন না। কেবলই নিজেদের খেয়াল খুশিতে যে কথাটা সঠিক মনে হয় তা নির্দিধায় বলে ফেলেন। আর দাবী করেন আমরা দ্বীনের কল্যাণে কাজ করছি।

এভাবে দ্বীনের খেদমত করতে গিয়ে এই শ্রেণীর লোক বোকামী বশত দ্বীনের সর্বনাশ করে ছাড়ে। তার উপর আবার সমস্যা হলো, এসব লোকের বিরুদ্ধে কথা বলাও

যায় না। এনাদের ভক্তরা আক্ষেপ করে বলেন, একটা লোক ইসলামের জন্য কাজ করছে তার পিছনে লাগার কি দরকার। কিন্তু ইসলাম সম্পর্কে ভাল ভাবে না জেনেই ইসলামের জন্য কাজে লেগে পড়াটা উচিৎ হয়েছে কিনা সে প্রশ্ন কেউ তোলে না।

যাই হোক, এই শ্রেণীর লোকেরাই সম্ভবত খাটি নির্বোধ হিসেবে আখ্যা পাওয়ার যোগ্য। যেহেতু তারা দুনিয়াবী স্বার্থ হাসীলের জন্য নয় বরং ইসলামের কল্যাণ করার নিমিত্তে বিভ্রান্ত কথা প্রচার করে। ফলে দুনিয়াতেও বঞ্চিত হয় আর আখিরাতেও লাঞ্চিত হয়। এর অর্থ অবশ্য এই নয় যে, দুনিয়াবী স্বার্থ হাসিলের জন্য যারা বিভ্রান্ত কথা প্রচার করে তারা বুদ্ধিমান। যেহেতু তারা দুনিয়াবী স্বার্থ হাসিল করতে গিয়ে আখিরাতকে ক্ষতিগ্রস্ত করে। আর আখিরাতের তুলনায় দুনিয়ার জীবন এতটাই নগন্য যে অনায়াশে তা শূন্য হিসেবে গণ্য করা যায়। সুতরাং উভয় দলই আসলে বোকা। যে কেউ আখিরাতের জীবনকে ক্ষতিগ্রস্ত করে সে-ই একজন পাকা নির্বোধ।

তৃতীয়তঃ বর্তমান যুগের নাস্তিক মুরতাদ ও কাফির

মুশরিকের দল। এই কথাটা শুনে পাঠক হয়তো অবাক হবেন। অবাক হওয়াই উচিৎ। নাস্তিক মুরতাদরা ফতোয়াবাজী করে একথা শুনলে কেউই অবাক না হয়ে পারে না। যতদূর জানা যায় তারা ধর্মের নামে ফতোয়াবাজী বন্ধ করতে চায়, ফতোয়াবাজীর বিরুদ্ধে আন্দোলন করে। এখন তারাই আবার কিভাবে ইসলামের নামে ফতোয়াবাজী শুরু করলো! বিষয়টি প্রথমে একটু জটিল মনে হলেও সামান্য চিন্তা করলেই যে কেউ অতি সহজেই বিষয়টি অনুধাবন করতে পারবেন। প্রথমেই বলে রাখি, নাস্তিক মুরতাদরা ফতোয়াবাজী বন্ধ করতে চায় কথাটা আংশিক সঠিক হলেও পুরোপুরি সঠিক নয়। তারা সব ধরণের ফতোয়াবাজী বন্ধ করতে চায় না। ফতোয়াবাজী তাদের বিরুদ্ধে গেলে তারা তার পিছনে লাগে কিন্তু মোল্লারা যদি কখনও তাদের পক্ষে ফতোয়াবাজী করে তবে তারা তার পিছনে তো লাগেই না উল্টো পিছন থেকে সেটাকে সমর্থন করে যায়।

উদহরণস্বরুপ, বেশ কিছু কাল আগে যখন আলেম ওলামারা তসলিমা নাসরিনের অশালীন মন্তব্যের বিরুদ্ধে

রুখে দাড়িয়েছিলেন, তাকে নাস্তিক ও মুরতাদ হিসেবে আখ্যা দিয়েছিলেন এবং তাকে হত্যা করা উচিৎ এরকম ফতোয়া দিয়েছিলেন, আর সেই ফতোয়ার ফলে সত্যি সত্যিই দেশের মানুষ নাস্তিকতা আর নাস্তিকদের বিপক্ষে ভীষণ ক্ষেপে উঠেছিল তখন নাস্তিকরা এটাকে ধর্মের নামে ফতোয়াবাজী হিসেবে গণ্য করে তা বন্ধ করার দাবী জানায়। কিন্তু আজ যখণ হুজুররা ধর্মের নামে নাস্তিকরা যা-ই বলুক তাদের হত্যা করা উচিৎ নয় বরং বুঝিয়ে শুনিয়ে পথে আনতে হবে এমন ফতোয়া দেয় এবং আবেগে উত্তেজিত হয়ে নাস্তিকদের গলাই ছুরিকাঘাত করা বা ইসলামের নামে আল্লাহর শত্রুদের হত্যা করা জঙ্গীবাদ হিসেবে আখ্যায়িত করে তার নিন্দায় ফতোয়াবাজী করে তখন নাস্তিকরা কিন্তু মোটেও নাখোশ হয় না। এ ধরনের ফতোয়াবাজী বন্ধ করা উচিৎ সেটাও মনে করে না। উল্টো এই ফতোয়াবাজীর পক্ষে অবস্থান গ্রহণ করে এবং উৎসাহ দিয়ে বলে,

- জঙ্গীবাদের বিরুদ্ধে মসজিদে মসজিদে প্রতিরোধ গড়ে তুলতে হবে।

এর অর্থ কি এই নয় যে, জঙ্গীবাদের বিপক্ষে ফতোয়াটি নাস্তিক-মুরতাদদের মনমতো হয়েছে? জঙ্গীবাদের ফতোয়া যে নাস্তিকদের মনমতো সেটা স্পষ্ট। কিন্তু ফতোয়াটি ইসলাম সম্মত কিনা সেটাই চিন্তার বিষয়। যদিও একটা ফতোয়া ইসলাম সম্মত হবে আবার নাস্তিক-মুরতাদদের মনমতো হবে এটা অত্যন্ত বিরল ঘটনা। তার পরও বলব, হতেও তো পারে। আর সে কারণেই পরবর্তীতে আমরা এ বিষয়ে বিস্তারিত আলোকপাত করবো।

যাই হোক, এখানে আমাদের মূল বিষয় হলো, নাস্তিক মুরতাদরা ঢালাওভাবে ফতোয়াবাজী বন্ধের কথা বলে মোটেও তা নয়। আসল কথা হলো, ফতোয়াবাজী যখন বাতিলের বিপক্ষে হয় তখন তারা তা বন্ধের দাবী জানায়। আর সেটা যখন বাতিলের পক্ষে হয় তখন তারা তাতে উৎসাহ প্রদান করে। কেবল যে উৎসাহ প্রদান করে তাই নয় বরং নিজেরাও সেই ফতোয়াবাজীতে সক্রিয় অংশগ্রহণ করে। কাফির-মুশরিকদের বড় বড় নেতারা এখন মুসলিমদের বলে,

- ইসলাম শান্তির ধর্ম। ইসলামে যুদ্ধ-বিগ্রহ, মানুষ হত্যা এসবের কোনো স্থান নেই, জঙ্গীবাদ ইসলামে হারাম ইত্যাদি।

বিদেশী প্রভুদের কথার সাথে তাল মিলিয়ে মুসলিম দেশগুলোর তাগুতী শাসকরাও একই কথার পুনরাবৃত্তি করতে থাকে। প্রশ্ন হলো, ইসলামে কি আছে, কি নেই সে বিষয়ে তাদের এতো মাথা ব্যাথা কেনো? তারা কি ইসলামের মূল নীতি মেনে চলে? তারা কি ইসলামী আইনে দেশ পরিচালনা করে? সুদ-ঘুষ আর দূর্নীতি থেকে দূরে থাকে? রাজনৈতিক উদ্দেশ্যে নিরাপরাধ লোককে গোপনে বা প্রকাশ্যে প্রহসনের বিচারের মাধ্যমে হত্যা করে না? বিরোধী পক্ষকে দমন করার জন্য মিথ্যা মামলা দায়ের করে না? এসব কি ইসলামে বৈধ? এগুলো কি ইসলামে আছে?

তারা নিজেরাই যখন জীবনের সর্ব ক্ষেত্রে ছোট বড় সকল ব্যাপারে ইসলামকে অমান্য করে তখন দু' পাঁচটা জঙ্গী ইসলামের বিরুদ্ধে গিয়ে দু একটা হত্যাকান্ড চালালে তাতে তাদের এতো আপত্তি কেনো?

কেবল যে মৌখিক আপত্তি করে তাই নয়। বিশ্বের কাফির শক্তি এক জোট হয়ে কয়েকজন জঙ্গীর উপর ঝাপিয়ে পড়ে তাদের সমূলে উৎপাটন করতে চায় আর মুখে বলে,

- আমাদের এ যুদ্ধ ইসলামের বিরুদ্ধে নয়। বরং কতিপয় সন্ত্রাসীর বিরুদ্ধে যারা ইসলামের নাম ব্যবহার করে এই পবিত্র ধর্মকে খাটো করছে।

বোঝা যাচ্ছে, ইসলামের নামে বদনাম হতে দেখে আজকাল কাফির মুশরিকদের খুব কষ্ট হয়। তাই যাদের কারণে এই বদনাম হচ্ছে তাদের সাথে সর্বাত্মক লড়াইয়ে লিপ্ত হয়। এ হিসেবে ইসলামের শত্রুরাই আজকের দুনিয়ার ইসলামের বড় খেদমতে লিপ্ত রয়েছে। এমনকি হুজুররাও এতটা খিদমতে লিপ্ত নন। জঙ্গীবাদ নামের এই জঘন্য পাপকর্মের বিরুদ্ধে মসজিদে বসে যতটাই ফতোয়াবাজী করুন এর বিরুদ্ধে সরাসরি যুদ্ধ ঘোষণা করা বা সেই যুদ্ধে জান মাল দিয়ে অংশ গ্রহণ করার মনোবল তাদের নেই। তারা কেবলই ফতোয়া দিয়ে কাফির মুশরিক আর তাগুতী সেনাদের জঙ্গীদের পিছনে লেলিয়ে দিচ্ছেন। আর কাফির মুশরিকরা জঙ্গীবাদের

বিরুদ্ধে লড়াই করে হুজুরদের পক্ষ থেকে ইসলামের খেদমত করে যাচ্ছে। এই সমবন্টন দেখে অবাক না হয়ে পারা যায় না। নাস্তিক-মুরতাদ আর ফাসিক-ফুজ্জারদের সাথে আমাদের বুযুর্গানে দ্বীনের এই বৃহত্তর ঐক্যজোট গঠিত হতে দেখে আমরা সত্যিই পুলকিত!

ঘোড়ার ডিম জাতীয় এই আশ্চর্যজনক বিষয়টাকে মোল্লাদের ভীমরতি হিসেবে আখ্যায়িত করাটাই যদিও অধিক সঙ্গত। তারপরও আমরা বলব, এর মাধ্যমে আমাদের ওলামা হজরতরা প্রমাণ করে দিয়েছেন, জাত শত্রুর সাথেও জোট গঠন করা যায় এবং তাদের মাধ্যমে দ্বীনী কাজ করিয়ে নেওয়া যায়। অতএব বিষয়টাকে খাটো করে দেখার কোনো সুযোগ নেই।

এমনিভাবে কাফির মুশরিকরা এখন ইসলামের খেদমতে লিপ্ত। আর ইসলামের পক্ষে ফতোয়াবাজীতে সদা সচেষ্ট। প্রায় প্রতিটি বক্তব্যেই তারা ইসলামের শান্তি, সম্প্রীতি ও সহশীলতার কথা তুলে ধরেন ও ইসলামের নামে জয়গান গেয়ে চলেন। কিছুকাল আগেও যারা ইসলামকে নিন্দা মন্দ করতো, ইসলামের বিধান নিয়ে তামাশা করতো

তারা আজ ইসলামের সৌন্দর্য নিয়ে কথা বলে। একজন খাটি মুসলিম হিসেবে এই পট পরিবর্তনে হয়তো খুশিই হওয়া উচিৎ। কিন্তু কাফিরদের উপর আমাদের ঈমান দুর্বল। কেবল দুর্বল তাই নয় বরং একবারেই নড়বড়ে। ইসলামের ব্যাপারে তাদের এই অতিভক্তি আমাদের নিকট চোরের লক্ষণ বলেই মনে হয়। নির্বোধ হুজুররা হয়তো তাদের বিশ্বাস করে এবং ইসলামের পক্ষে তাদের ফতোয়াবাজী শুনে এতটাই পুলকিত হয় যে তারা যা বলে সেটাই হুবহু মুখস্থ করে নিজেরাই বলতে শুরু করে। কিন্তু বুদ্ধিমান ব্যক্তি এতটা বোকামী করে না। সামান্য চিন্তা করেই সে বুঝতে পারে এই ভক্তির আড়ালে কাফিরদের সত্যিকার চেহারাটা কতটা কুৎসিৎ। তাদের ইসলামের সুনাম করাটা ইসলামের খেদমত করার জন্য নয় বরং ইসলামকে ধ্বংস করার জন্য।

বিষয়টা ঐ ধূর্ত শেয়ালের মতো যে দেখলো গাছের ডালে একটা কাক মুখে এক টুকরো মাংস নিয়ে বসে আছে। শেয়ালের খুব ইচ্ছা হলো, মাংসটি খাওয়ার কিন্তু গাছের মগডালে চড়া তো তার পক্ষে সম্ভব নয়। তাই সে একটা

বুদ্ধি আঁটলো। গলা উঁচু করে বলল, আহা! ঐ কাকটা দেখতে কি সুন্দর! তার গানের গলাও নিশ্চয় ভাল হবে। কিন্তু সে গান গায় না কেনো? কথাটা শুনেই কাক কা কা করে গান গাইতে শুরু করলো। অমনি তার মুখের মাংসের টুকরোটি মাটিতে পরে গেলো আর শেয়াল সেটা খপ করে তুলে নিয়ে উদরস্ত করলো।

ইসলামের সাথে বর্তমান যুগের কাফিরদের আচরণ হুবহু এই প্রকৃতির। বিগত সময়ে তারা সরাসরি ইসলামের নিন্দা-মন্দ ও তিরষ্কার করেছে। ইসলাম বর্বর, কুসংস্কারাচ্ছন্ন, সেকেলে ইত্যাদি বদনামে অভিহিত করেছে। ইসলামের বিরুদ্ধে অপপ্রচারের কাজে নাস্তিক মুরতাদদের লেলিয়ে দিয়েছে। কিন্তু সেসব অপপ্রচারে কোনো লাভ হয়নি। কাফিরদের অপপ্রচারে বিভ্রান্ত হয়ে মানুষ ইসলাম পরিত্যাগ করে নি। উল্টো কাফির-মুশরিকদের উপরই চটেছে। ফলে হিতে বিপরীত হয়েছে। এভাবে সরাসরি আঘাতে কাজ না হওয়াই তারা এখন ভিন্ন কৌশলে ইসলামের ক্ষতি করার চেষ্টা করছে। তারা বলছে,

- ইসলাম শান্তির ধর্ম। মানুষ হত্যা করা এ ধর্মে কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। কেউ ইসলামের বিরুদ্ধে কথা বললেই তাকে মেরে ফেলতে হবে বা কাফিররা ইসলামের বিরুদ্ধে ষড়যন্ত্র করলেই তাদের সাথে যুদ্ধ করতে হবে এটা ইসলামের নীতি নয়। বরং শত্রু মিত্র সবার সাথে ভাল আচরণ করতে হবে এটাই ইসলাম। যারা এটা মানে না তারা জঙ্গী, সন্ত্রাসী। তারা সমাজের শত্রু। সকলে মিলে তাদের নির্মূল করতে হবে।

এই পন্থা গ্রহণের কারণে কাফিররা নানাভাবে উপকৃত হয়-

প্রথমতঃ কাফির মুশরিকরা সরাসরি ইসলামের বিরুদ্ধে কথা বললে মুসলমানরা তাদের সে কথা গ্রহণ তো করবেই না বরং রেগে যাবে এবং কাফির মুশরিকদের বিরুদ্ধে বিক্ষুব্ধ হবে। তখন তাদের সামলে রাখা কঠিন হবে। তার চেয়ে যদি ভ্রান্ত কথাটাকে ইসলামের নামে চালানো হয় তবে মানুষ সেটা চোখ বুজে গ্রহণ করবে। ফলে বিভ্রান্তির প্রচার প্রসার করা অনেক বেশি সহজ

হবে।

দ্বিতীয়তঃ যুদ্ধ বিগ্রহ ইসলামে বৈধ নয় একথা প্রচার পেলে কাফিরদের বাকী কাজ সহজ হয়ে যায়। এরপর তারা যা খুশি তাই করবে। কিন্তু প্রতিবাদ ও প্রতিরোধ করার মতো কেউ থাকবে না। কেউ একটু প্রতিবাদ করতে গেলেই বলা হবে এটা কিন্তু ইসলাম সমর্থন করে না ফলে সে আবার নিরব হয়ে যাবে। এর চেয়ে বেশি সুবিধা আর কি হতে পারে!

তৃতীয়তঃ যদি মুসলমানদের বোঝানো যায়, কাফির-মুশরিক ও তাগুতী শক্তির বিরুদ্ধে যারা লড়াই করে তারা মুজাহিদ বা বীর তো নয়ই বরং ইসলামের শত্রু ও জঙ্গী তাহলে এসব জঙ্গীদের কচুকাটা করলেও মুসলিম জাতি কোনো প্রতিবাদ করবে না। উল্টো জান মাল দিয়ে এ কাজে তারা কাফিরদের সাহায্য সহযোগিতা করবে। তাতে সাপও মরবে লাঠিও ভাঙবে না।

এই প্রকারের নানাবিধ সুবিধার কথা চিন্তা করে কাফির মুশরিকরা ইসলামের নামে বদনাম করার পরিবর্তে ইসলামের পক্ষে ফতোয়াবাজীর কাজে লিপ্ত হয়েছে।

অতএব এতে খুশি হওয়ার কিছু নেই বরং যত বেশি সম্ভব রাগান্বিত হওয়াই অধিক সঙ্গত।

ঐতিহাসিক ঐক্যমত

হুজুরগণ যে কেবল ঝোপ বুঝে কোপ মারতে অভ্যস্ত তাই নয়। তাদের ব্যাপারে আরও অনেক বদনাম প্রচলিত আছে। তার মধ্যে একটা হলো, দলাদলি আর মতপার্থক্য করা। কোনো বিষয়ে এক মত হওয়াটা যেনো হুজুরদের ধাতেই সয় না। যতটা পারে একে অন্যের সাথে মতপার্থক্যে লিপ্ত হওয়ার চেষ্টা করে। এ বিষয়ে কাঁথা ছেড়ার তত্ত্বটি উল্লেখ করা যেতে পারে। হুজুরদের সম্পর্কে কথা হলে সমাজের লোক প্রায়ই তত্ত্বটি পেশ করে থাকে। ধারনা করা হয়, যদি দু'জন আলেমকে একই কাঁথার নিচে শুতে দেওয়া হয় তবে সকাল বেলা দেখা যাবে কাথাঁটি মাঝখান থেকে দু'ভাগ হয়ে গেছে। সারা রাত একে অপরের সাথে মতপার্থক্য, রাগারাগি আর টানাটানি করার কারণেই কাথাঁটি ছিড়ে যাবে বলে মনে করা হয়। এই অনুমান সত্য কিনা সেটা পরীক্ষা করে দেখা সম্ভব হয় নি। হয়তো ভবিষ্যতেও সম্ভব হবে

না। কারণ হুজুরদের মধ্যে দ্বিমত এতটাই বেশি যে দু'জন আলেমকে একই কাথাঁর নিচে রাখাই সম্ভব না। ফলে এভাবে একত্রে রাখা হলে কাঁথা দু'ভাগে ভাগ হয় কিনা তা জানাও সম্ভব নয়। এটা একটা তত্ত্ব মাত্র, এখন একটা সত্য ঘটনা শুনুন।

একজন মাদ্রাসার মুহতামিম মাদ্রাসার কল্যাণে দু'পাঁচ টাকা কালেকশন করার নিমিত্তে একটা ওয়াজ মাহফিলের আয়োজন করলেন। সেখানে তিনি দুজন বক্তাকে (উপযুক্ত পারিশ্রমিক সমেত) নিমন্ত্রণ করলেন। প্রথম বক্তা মঞ্চে উঠে বললেন,

- সল্লে আলা, বালাগাল উলা এসব বলা যাবে না। এগুলো বিদয়াত।

পরের বক্তা মঞ্চে উঠেই শুরু করলেন,

- বালাগাল উলা বিকামালিহি ..... সল্লু আলাইহি ওয়া আলিহি।

ব্যাস। জনগন টাকা দেবে কি সবাই গাধার মতো বোকা বনে গেলো। যে বেচারা ব্যাবসায়িক উদ্দেশ্যে এই

মাহফিলের আয়োজন করেছিল তার বিপুল পরিমাণ লোকসান হয়ে গেলো। কাঁথা ছেড়ার থেকে এই ঘটনাই বা কম কিসে!

এসব ঘটনায় তিক্ত বিরক্ত হয়ে, নামাজ-কালাম ছেড়ে দিয়েছে এমন লোক অনেক আছে। তারা বলে,

- আগে হুজুররা ঠিক হোক। তারা এক দলে আসুক। আমরা তখন তাদের কথা মানবো।

কথাটা কতটুকু যৌক্তিক আর কতটা অযৌক্তিক সে বিষয়ে আলোচনার স্থান এটা নয়। তবে এধরনের লোকদের জন্য একটা সুসংবাদ আছে। তাদের সাধ পুরা হয়েছে। বর্তমান যুগে নানা মত ও পথের হুজুরগণ একটা বিষয়ে ঐক্যমত পোষণ করেছেন। অনেকে ভাবতে পারেন সকল বিষয় বাদ দিয়ে কেবল একটা বিষয়ে একমত হয়ে লাভ কি? আসলে নেই মামার চেয়ে কানা মামা ভাল। যেখানে দ্বিমতের ঠেলায় কাঁথা-কম্বলই ছিড়ে যাচ্ছে সেখানে একটা বিষয়ে একমত হলেই বা কম কিসে! অতএব, বিষয়টাকে ছোট মনে করার কোনো সুযোগ নেই। এই ঐক্যমতকে আমরা ঐতিহাসিক

ঐক্যমত হিসেবে আখ্যায়িত করতে পারি এবং যেদিন এই ঐক্যমত সংগঠিত হয়েছে সে দিনটিকে বিশ্ব ঐক্য দিবস হিসেবে আখ্যা দিতে পারি। প্রশ্ন হলো, এ যাবত কালে যারা নিজেদের মধ্যে কেবলই দ্বন্দ্ব করেছে তারা কি এমন বিষয়ে একমত হলো? প্রশ্নটি সত্যিই গুরুত্বপূর্ণ! তাই সরাসরি উত্তরটি না দিয়ে আমি একটি কুইজের আকারে পাঠকের সামনে পেশ করছি যাতে পাঠক নিজেই সঠিক উত্তরটি বাছাই করতে পারেন।

নিচের কোন ব্যাপারটিতে বর্তমান যুগের আলেম-ওলামারা একমত?

ক) কবর পূজা বন্ধ করতে হবে।
খ) দেশে ইসলামী আইন চালু করতে হবে।
গ) বিদেশী এন, জি, ও বাতিল করতে হবে।
ঘ) জঙ্গীবাদ নির্মুল করতে হবে।

সচেতন পাঠক ইতোমধ্যে সঠিক উত্তরটি ধরে ফেলেছেন আশা করি। হ্যাঁ, এটাই সত্য কথা যে, উপরের চারটি বিষয়ের মধ্যে কেবল জঙ্গীবাদ নির্মূল করা ছাড়া অন্য কোনো ব্যাপারে আলেমরা এক মত হয়ে জোর দাবী

জানায়নি। দেশের আনাচে কানাচে বিভিন্ন স্থানে তথাকথিত ওলীদের কবরে মানুষ সাজদা করে এবং কবরওয়ালার নিকট প্রার্থনা করে। আর জাতীয় নেতাদের কবরে ফুলেল শ্রদ্ধাঞ্জলী পেশ করে। এসব কাজ যে ইসলামবিরোধী সেটা তো সবাই জানে কিন্তু এর প্রতিবাদে হুজুররা একমত হয়ে জোর প্রচেষ্টা করেছেন কি? উল্টো একদল হুজুর নিজেরাই এসব কাজে লিপ্ত রয়েছেন। এমনিভাবে দেশে ইসলামী আইন-কানুন নেই এটা সবাই জানে। কিন্তু ইসলামী আইন চালু করতে হবে মর্মে ঐক্যবদ্ধ দাবী কি হুজুররা সরকারের সামনে পেশ করেছেন? বিদেশী এনজিওগুলো যে মুসলমানদের ঈমান-আমল ধ্বংসের পাঁয়তারা করছে সেটা কে না জানে? মেয়েদের বেপর্দা আর চরিত্রহীন করা, পুরা সমাজটাকে সুদে ছেঁয়ে দেওয়া ইত্যাদি ভয়াবহ অপকর্মে তারা লিপ্ত। কিন্তু এসব এনজিও বন্ধ করার জন্য ঐক্যবদ্ধ দাবী ওলামা হজরতরা জানাতে পারেননি। উল্টো এসব এনজিওদের ডাকে সভা সমাবেশে বহু সংখ্যক হুজুর হাজিরা দেন। সেখানে নাস্তাপানি এবং সম্মানী গ্রহণ করত বাড়ি ফিরে আসেন। কেউ কেউ সরাসরি এসব

এনজিওতে বেতনভোগী কর্মচারী হিসেবে চাকুরী করেন। তাদের কান্ডজ্ঞান দেখে অবাক না হয়ে পারিনা।

কোনো কোনো আলেম যে এসবের বিরুদ্ধে কথা বলেন সেটা আমি স্বীকার করি। কিন্তু জঙ্গীবাদের বিরুদ্ধে যতটা উৎসাহ আর ঐক্যমত নিয়ে কাজ করছেন এসবের বিরুদ্ধে ততটা করতে পেরেছেন কি? নিরপেক্ষ দৃষ্টিভঙ্গীর যে কোনো মানুষ এর উত্তরে না ছাড়া ভিন্ন কিছু বলতে পারে না। এখানেই একটা প্রশ্ন জাগে, এত অপরাধ অপকর্ম বাদ দিয়ে হুজুররা সবাই মিলে জঙ্গীদের পিছনে কেনো লেগেছেন?

কেউ হয়তো বলবেন, দ্বীনী দায়িত্ববোধের কারণেই ওলামাগণ জঙ্গীদের পিছনে লেগেছেন। জঙ্গীরা মানুষ হত্যা করবে আর আলেমরা চুপ করে বসে থাকবে তা তো আর হয় না। অন্যায়ের বিপরীতে কথা বলা আলেমগণের দায়িত্ব। আর সে দায়িত্ব তারা যথাযোগ্য ভাবেই পালন করে থাকেন। তাইতো জঙ্গীদের বিপক্ষে কথা বললে তারা আত্মঘাতি হামলা করতে পারে এমন ভয় থাকা সত্ত্বেও ওলামাগণ নির্ভিকভাবে তাদের বিরুদ্ধে

ফতোয়াবাজী করে যাচ্ছেন।

ওলামাগণ সত্যিই দায়িত্ববান এবং দ্বীনী দায়িত্ব পালনের জন্যই জঙ্গীবাদের বিপক্ষে কথা বলছেন এ দাবী মেনে নিলে কিন্তু আরও কিছু প্রশ্নের সৃষ্টি হয়। মানুষ খুন তো সরকার পক্ষও কম করে না। রাজনৈতিক প্রয়োজনে খেয়াল খুশি মতো বিরোধীপক্ষ এমনকি সম্পূর্ণ নিরোপেক্ষ ব্যক্তিদেরও যে সরকারপক্ষ অকারণে হামলা মামলার স্বীকারে পরিণত করছে এবং হত্যা ও গুম করে দিচ্ছে এ খবর কাক-পক্ষিও জানে। প্রশ্ন হলো, বীরপুরুষ ওলামা হযরতরা সরকারের বিপরীতে কথা বলেন না কেনো? নাকি সেখানে জুজুর ভয় আছে বলে সকল হুজুর চুপ করে থাকেন। উল্টো এই জালিম সরকারকে সঙ্গী করেই তো তারা জঙ্গীবাদের বিপরীতে কথা বলেন। একজন জালিমের বিপক্ষে বলার জন্য অন্য জালিমের পক্ষ নেওয়াটা কি নিরোপেক্ষ দৃষ্টিভঙ্গী বলে গণ্য হতে পারে? তা যদি না হয় তবে এসব আলেমগণই যে আসলে জালেম সে বিষয়ে কোনো সন্দেহ থাকে কি?

এছাড়া আরও একটি বিষয় এখানে বিশেষভাবে

উল্লেখযোগ্য। জঙ্গীবাদ মোকাবিলার জন্য ওলামা হজরতরা তাগুত সরকারের সাথে হাত মিলিয়ে চেষ্টা প্রচেষ্টা করে যাচ্ছেন। জঙ্গীবাদ নির্মূলের কত শত পন্থা তারা আবিষ্কার করেছেন এবং করে চলেছেন। একটি পন্থা ব্যর্থ প্রমাণিত হলে অন্য আরেকটি পন্থায় চেষ্টা করছেন। জঙ্গীদের জেল-ফাস দেওয়া, তাদের পরিবার পরিজনদের গ্রেফতার করা, সন্দেহভাজন জঙ্গী নামে নিরাপরাধ ব্যক্তিদের আটক করে মারপিট করে পঙ্গু করে দেওয়ার পর "সে আসলে জঙ্গী নয়" এমন মন্তব্য করে মুক্ত করে দেওয়া ইত্যাদি কত যে পন্থা অবলম্বন করা হচ্ছে তার গোনতি নেই। এর চেয়ে অনেক সহজ একটা সমাধান যে রয়েছে। যার কথা না তাগুতী সরকার মনে রাখে আর না আলেম ওলামারা তাদের মনে করিয়ে দেওয়ার চেষ্টা করেন। আর তা হলো, রাষ্ট্রে ইসলামী বিধান কায়েম করে দেওয়া। জঙ্গীদের খুন খারাবী যতই খারাপ হোক তারা যে উদ্দেশ্যে কাজটা করে সেটা কিন্তু অত্যন্ত মহৎ ও সঠিক। তারা বলে আল্লাহর আইন কায়েম করতে হবে। তো তাগুতী সরকার যদি জঙ্গীদের মুখ বন্ধই করতে চায় তবে শান্তির ধর্ম ইসলামের

বিধানগুলো কায়েম করে দিলেই পারে। ফলে দেশে জঙ্গীবাদও থাকবে না ইসলাম বিরোধী আইনও থাকবে না। দুটো সমস্যাকে এক সাথে শেষ করে ফেলাই কি অধিক ইনসাফপূর্ণ নয়! কিন্তু জঙ্গীবাদ নির্মূলের এই ইনসাফপূর্ণ সমাধান হুজুরগণ সরকারকে একটি বারও মনে করিয়ে দিয়েছেন কি? এসব ক্ষেত্রে তাদের দায়িত্ব অনুভূতি বুঝি মোটেও সাড়া দেয় না। কেবল জঙ্গীদের বিরুদ্ধে কথা বলার সময় যত দায়িত্ববোধ মাথা চাড়া দিয়ে ওঠে। এভাবে নরম কাঠে পেরেক মারার কাজটা মোটামুটি সবাই করতে পারে। কিন্তু শক্তিশালী লোক দেখলে ভক্তিতে অনুগত কুকুরের মতো খালি কু কু শব্দ করতেই বেশিরভাগ লোক পছন্দ করে। বলা বাহুল্য যে, এই সব কুকুর স্বভাবের লোকদের মধ্যে বেশিরভাগ হুজুর পড়ে যান। তাই তো দল মত নির্বিশেষে সকল মোল্লা আজ তাগুতের সাথে হাত মিলিয়ে জঙ্গীবাদের বিপক্ষে ভূমিকা রাখতে দৃঢ় প্রতিজ্ঞ। আগামীকাল যদি জঙ্গীরা রাষ্ট্র ক্ষমতা দখল করে নেই তবে জঙ্গীদের বিরুদ্ধে এভাবে বুক টান করে কথা বলতে পারবেন কি? মুখে তারা যাই বলুন প্রকৃত পক্ষে সেদিন যে তারা

জঙ্গীদের সামনে কুকুরের মতো কু কু শব্দই কেবল করে যাবেন সাধারন মানুষ সেটা বোঝে। হাল বুঝে পাল তোলা অভ্যাস তো তাদের অনেক পুরোনো। সুতরাং কোনো অবস্থাতেই তাদের কোনো অসুবিধা হওয়ার কথা নয়। সাধারন মানুষ এটা জানে। তাইতো তারা হুজুরদের গুজুর গুজুরে এখন আর খুব একটা কান পাতেন না। নামাজ রোজা করতেই হয় সেকারণেই মানুষ মসজিদ মাদ্রাসায় দুএকটা হুজুর পোষে কিন্তু তাদের খুব একটা পোছে না। একটা সময় ছিল যখন হুজুরদের ফতোয়াই লাখ লাখ মানুষ উঠতো বসতো কিন্তু এখন কেউই তাদের কথা নিয়ে নাক গলায় না। এতো এতো ফতোয়া দিচ্ছেন তার পরও জঙ্গীবাদ নির্মূল তো দূরের কথা তাদের অগ্রযাত্রা একচূলও বাধাগ্রস্থ করতে পেরেছেন কি? জঙ্গীবাদের কিছু ক্ষতি করলে তাগুতী সরকারের সেনাবাহিনীই করেছে কিন্তু হুজুরদের প্যানপ্যানানিতে কোনো কাজ হয়েছে বলে আমার মনে হয় না। তাদের কথা শুনে যে কটা লোক জিহাদ থেকে পিছপা হয়েছে তারা মূলত কাপুরুষ স্বভাবের। কোনো ফতোয়া না দিলেও তারা ঠিকই বসে থাকতো। কিন্তু যাদের অন্তরে

পরিপক্ক ঈমান আছে তাদের কি কেউ ধরে রাখতে পেরেছে? আরব বিশ্বের সব হাতির মতো মোটা মোটা আলেম কিতাব পত্র ঘাটাঘাটি করে বহুকাল ধরে জিহাদের বিপক্ষে নানা রকম ফতোয়াবাজী করেছেন। কিন্তু এখনও পর্যন্ত জিহাদে আরবদের অংশগ্রহণই বেশি সেটা কিন্তু বিশ্ব জানে। তাই বলবো, ফু দিয়ে আল্লাহর নুরকে নিভিয়ে ফেলা যায় না। তাই হুজুরদের ফতোয়ার কারণে বিশ্বব্যাপী জিহাদ কতটা ক্ষতিগ্রস্থ হলো সেটা নিয়ে চিন্তার কোনো কারণ নেই বরং এসব ফতোয়ার কারণে অবলা হুজুরদের আখিরাত কিভাবে অবেলায় শেষ হয়ে গেলো সেটাই চিন্তার বিষয়।

